1. নিচের গদ্যাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। 1x5=5

দস্যুদল এসে পড়ল। ধুমসো লোমশ তিব্বতী কুকুরগুলো আমাদের দিকে তাকিয়ে প্রচন্ড ঘেউ ঘেউ করছে। তাদেরও ভাবটা দস্যুদেরই মতো। আমাদের দলের লোকগুলোর অবস্থা কাহিল। যে যেখানে ছিল সব জবুথবু হয়ে বসে পড়েছে। এইসব দস্যু সাধারণত যাযাবরদের আস্তানায় গিয়ে পড়ে সর্বস্ব লুট করে নিয়ে চলে যায়। উপযুক্ত অস্ত্র ছাড়া এদের বাধা দিতে যাওয়া মানে নিশ্চিত মৃত্যু। অবিশ্যি এরা যদি তিব্বতী পুলিশের হাতে পড়ে তাহলে এদের চরম শাস্তির ব্যবস্থা আছে। গর্দান আর ডান হাতটা কেটে নিয়ে সেগুলোকে সোজা রাজধানী লাসায় পাঠিয়ে দেওয়া হয়। কিন্তু এই ধুধু প্রান্তরে বরফে ঢাকা গিরিবর্মের আনাচে কানেচে এদের খুঁজে বার করা মোটেই সহজ নয়। এও শুনেছি যে এইসব দস্যুদের নিজেদেরও নাকি নরকভোগের ভয় আছে। তাই এরা লুটপাট বা খুনখারাপী করে নিজেরাই, হয় কৈলাস প্রদক্ষিণ করে, না হয় কোনো উঁচু পাহাড়ের চূড়োয় দাঁড়িয়ে গলা ছেড়ে নিজেদের পাপের ফিরিস্তি দিয়ে প্রায়শ্চিত্ত করে নেয়।

I. ধুমসো লোমশ তিব্বতী কুকুরগুলোর ভাবটা কাদের মতো ছিল?

A. পুলিশের মতো	B. শিকারীর মতো

C. হিংস্র জন্তু জানোয়ারদের মতো	D. দস্যুদের মতো

II. এইসব দস্যুরা সাধারণত কোথায় গিয়ে লুটপাট চালাত?

A. নিকটস্থ গ্রামের বাড়িতে	B. চোরাকারবারীদের আস্তানায়

C. যাযাবরদের আস্তানায়	D. আশেপাশের রাজ্যগুলিতে

III. দস্যুদের দেখে অভিযাত্রী দলের লোকজনের কী অবস্থা হয়েছিল?

A. সবাই পালিয়ে যায়	B. সবাই আক্রমণ করে

C. সবাই জবুথবু হয়ে বসে পড়ে	D. সবাই হাসতে থাকে

IV. মন্তব্য: দস্যুদের খুঁজে বের করা সহজ ছিল না।

কারণ: তারা বরফে ঢাকা দুর্গম পাহাড়ি অঞ্চলে আত্মগোপন করত না।

A. মন্তব্য ও কারণ উভয়ই ঠিক	B. মন্তব্য ঠিক কিন্তু কারণ ভুল

C. মন্তব্য ভুল কিন্তু কারণ ঠিক	D. মন্তব্য ও কারণ উভয়ই ভুল

V. মন্তব্য: দস্যুদল নিজের পাপ স্বীকার করে প্রায়শ্চিত্ত করত।

কারণ : দস্যুদের মধ্যে পুলিশের কাছে ধরা পরার ভয় ছিল ছিল।

A. মন্তব্য ও কারণ উভয়ই ঠিক	B. মন্তব্য ঠিক কিন্তু কারণ ভুল

C. মন্তব্য ভুল কিন্তু কারণ ঠিক	D. মন্তব্য ও কারণ উভয়ই ভুল